# ব্রিকস সম্মেলনে তারেক রহমানের অংশগ্রহণ নিয়ে তথ্য নেই: ভারত



ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সোয়াল। ছবি: সংগৃহীত

ভারতে অনুষ্ঠিত হতে যাওয়া ব্রিকস সম্মেলনে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান অংশ নেবেন কি না, এ বিষয়ে কোনো তথ্য নেই বলে জানিয়েছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সোয়াল।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়মিত সাপ্তাহিক ব্রিফিংয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

নয়াদিল্লির ভারত মণ্ডপমে আগামী ১২ ও ১৩ সেপ্টেম্বর ব্রিকস সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। সেখানে বাংলাদেশের প্রধানমন্ত্রীর অংশগ্রহণের বিষয়ে জানতে চাইলে জয়সোয়াল বলেন, এ বিষয়ে তার কাছে কোনো তথ্য নেই।

এদিকে, ভারতীয় একটি সংবাদমাধ্যমে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎকার প্রচারের বিষয়েও ব্রিফিংয়ে প্রশ্ন করা হয়। তবে এ নিয়ে কোনো মন্তব্য করতে চাননি ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র। তিনি সংক্ষেপে জানান, এ বিষয়ে তার কোনো মন্তব্য নেই।

ব্রিফিংয়ে নেপালের পরিস্থিতি নিয়েও কথা বলেন রণধীর জয়সোয়াল। তিনি জানান, সর্বশেষ তথ্য অনুযায়ী নেপালে এখনো ২৭৫ জন ভারতীয় নাগরিক নিখোঁজ রয়েছেন। এ পর্যন্ত ১৬৬ জনকে উদ্ধার করা সম্ভব হয়েছে বলে জানান তিনি।

নিখোঁজ ভারতীয় নাগরিকদের সন্ধানে নেপাল সরকার, দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ভারতের সংশ্লিষ্ট রাজ্য সরকারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে বলেও জানান জয়সোয়াল।

তিনি আরও বলেন, উদ্ধার হওয়া ভারতীয় নাগরিকদের তথ্য নিয়মিতভাবে প্রকাশ করছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। পাশাপাশি ভারতীয়দের উদ্ধারে নেপালি কর্তৃপক্ষ যে প্রচেষ্টা চালাচ্ছে, তার প্রশংসাও করেন তিনি।